

দোহার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নিরাপদ মাতৃত্ব সেবার সুফল তৃণমূল পর্যায়ে পৌঁছে দেওয়ার জন্য নতুন উদ্যোগ - গর্ভবতীর টুলকীট। বিলাসপুর ইউনিয়ন পরিষদের উদ্যোক্তা অনলাইনে গর্ভবতী মায়ের ডাটা আপলোড করবেন, এএনসি পিএনসি সহ নিরাপদ ডেলিভারি ও দরিদ্র গর্ভবতী মায়ের ভাতা প্রাপ্তি সহজ হবে। "গর্ভবতী টুলকীট" ওয়েবসাইট টিতে এখন থেকে ইউনিয়ন পরিষদ অথবা কমিউনিটি ক্লিনিক থেকে গর্ভবতী মায়ের তথ্য আপলোড করা হবে, এতে প্রয়োজন হবে জাতীয় পরিচয় পত্র এবং মোবাইল নাম্বার। প্রয়োজনীয় তথ্য এবং সম্ভাব্য ডেলিভারির তারিখ সংশ্লিষ্ট গর্ভবতী মোবাইলের মাধ্যমে পাবে এবং বিনামূল্যে দোহার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে নরমাল ডেলিভারি অথবা সিজারিয়ান অপারেশন এর সুবিধা পাবে। এই উদ্যোগের আওতায় নরমাল ডেলিভারির সংখ্যা বৃদ্ধি পাবে এবং সিজারিয়ান অপারেশন কমে যাবে।

নতুন গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন করতে কি কি প্রয়োজন?

১. গর্ভবতীর নাম

২. এনআইডি

৩. গর্ভবতীর পেশা

৪. গর্ভবতীর মোবাইল নং

৫. গর্ভবতীর বয়স, উচ্চতা, কেজি, শিক্ষাগত যোগ্যতা এবং রক্তের গ্রুপ, কত তম গর্ভ ধারণ ও শেষ সন্তানের বয়স, পূর্বে নরমাল ডেলিভারি সংখ্যা, পূর্বে সিজারের সংখ্যা, প্রসব পরবর্তী যে পরিবার পরিকল্পনা পদ্ধতি নিতে ইচ্ছুক, EDD, কোথায় ডেলিভারি করতে ইচ্ছুক, গর্ভবতী ভাতা পাওয়ার যোগ্য কিনা

৬. স্বামীর নাম ও পেশা, বয়স শিক্ষাগত যোগ্যতা

৭. গর্ভবতীর গ্রাম

৮. তথ্য সংগ্রহকারী নাম পদবী ও মোবাইল নাম্বার

পরিশিষ্ট

এ এন সি (Ante Natal Checkup)

প্রথম পরিদর্শন চার মাস

দ্বিতীয় পরিদর্শন ৬ মাস তৃতীয় পরিদর্শন ৮ মাস এবং চতুর্থ পরিদর্শন নয় মাস

কোন তথ্য সম্পর্কে জানতে যোগাযোগ করুন

এএনসি কর্নার মোবাইল নং

+8801316863437

